

সম্পাদকীয়:

সুজন-এর সপ্তদশ ই-নিউজ লেটার প্রকাশিত হলো। বাংলাদেশে করোনাভাইরাসের প্রাদুর্ভাবের পর থেকে সারাদেশে সুজন-এর নেতাকর্মীদের উদ্যোগে যেসকল কার্যক্রম পরিচালিত হয়েছে সেইসকল উদ্যোগের কথা রয়েছে পূর্বের ষোলটি সংখ্যায়। এ সংখ্যাতেও প্রকাশিত হলো আরো কিছু উদ্যোগের কথা।

উলিপুরে খাদ্যসামগ্রী বিতরণ ও মৃতদের শেষকৃত্যে কমিটি গঠন



কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলায় সুজন ও পিস প্রেসার গ্রুপের যৌথ উদ্যোগে দরিদ্রদের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে। পাশাপাশি করোনাভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করলে তাদের শেষকৃত্য সম্পন্ন করার জন্য সুজন-এর নেতৃত্বে ৩টি কমিটি গঠিত হয়েছে। গত ১৭ মে ২০২০, রবিবার, ১২০টি পরিবারে সুজন ও পিস প্রেসার গ্রুপের উদ্যোগে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়। বিতরণ কার্যক্রম উদ্বোধন করেন কুড়িগ্রাম-৩ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব এম এ মতিন। বিতরণ কাজে নেতৃত্ব দেন সুজন-উলিপুর উপজেলা কমিটির সভাপতি, আজীবন সদস্য ও পিস প্রেসার গ্রুপের অ্যাড্বাইসেডর বীর মুক্তিযোদ্ধা জনাব গোলাম মোস্তফা এবং সাধারণ সম্পাদক, আজীবন সদস্য ও পিপিজি'র সমন্বয়কারী জনাব নূরে আলম সিদ্দিকী। বিতরণকৃত খাদ্যসামগ্রীর মধ্যে ছিল ৫ কেজি চাল, ১টি মিষ্টি কুমড়া, ২ প্যাকেট সেমাই, আধা কেজি চিনি ও আধা লিটার তেল। সাথে ছিল একটি সাবান। উল্লেখ্য, সুজন ও পিপিজি'র সদস্যদের অর্থায়নেই এই কার্যক্রম পরিচালিত হয়।

গত ৭ মে ২০২০-এ উলিপুর উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে আয়োজিত এক সভায় করোনাভাইরাসে আক্রান্ত হয়ে যদি কেউ মৃত্যুবরণ করেন তাদের দাফন ও সৎকারে সুজন নেতৃত্বের নেতৃত্বে ৩টি কমিটি গঠন করা হয়। উল্লেখ্য সুজন-সভাপতি জনাব গোলাম মোস্তফার নেতৃত্বে একজন নারীসহ ৭ সদস্যবিশিষ্ট, সুজন-সাধারণ সম্পাদক জনাব নূরে আলম সিদ্দিকীর নেতৃত্বে দুইজন নারীসহ ৮ সদস্যবিশিষ্ট এবং সুজন-এর নির্বাহী সদস্য পুলক দেবের নেতৃত্বে ২ জন নারীসহ ৮ সদস্যবিশিষ্ট কমিটি গঠিত হয়। প্রতিটি কমিটিতে দাফনকাজে বা সৎকারে পারদর্শী (পুরহিত) একধিক ব্যক্তি রয়েছেন।

দ্বিতীয় দফায় বগুড়া সুজন-এর খাদ্যসামগ্রী বিতরণ

গত ১৭ মে ২০২০-এ দ্বিতীয় দফায় খাদ্যসামগ্রী বিতরণ করেছে সুজন-বগুড়া জেলা কমিটি। এবারের খাদ্য তালিকায় ছিল ৫ কেজি আটা ও ১ কেজি টিমা গুড়। সাথে ছিল একটি সাবান। বগুড়া শহরের শিববাটি ও ফুলবাড়ী এলাকার ১২০টি কর্মহীন শ্রমজীবী পরিবারের মাঝে এই

সহায়কসামগ্রী বিতরণ করা হয়। বিতরণ কাজে অংশ নেন সুজন-বগুড়া জেলা কমিটির উপদেষ্টা জনাব আমিনুল ফরিদ, সহ-সভাপতি জনাব হাফিজুর রহমান মন্টু, সাধারণ সম্পাদক জনাব হুমায়ূন ইসলাম তুহীন, মনোয়ারা ইসলাম শিল্পী, আব্দুল্লাহ আল মামুন, শফিকুর রহমান, নাসরিন



আজার পান্না, মাহমুদা বেগম, রুমানা আজার, গাবতলী উপজেলা কমিটির সাধারণ সম্পাদক মুহাম্মাদ আবু মুসা প্রমুখ। উল্লেখ্য, রাজধানীর লালমাটিয়ার বাসিন্দা জনাব বিলকিস কাজীর আর্থিক সহযোগিতায় এই খাদ্যসামগ্রী বিতরণ করা হয়। সুজন নেতৃত্বদ্বন্দ্র দরিদ্র মানুষকে সহায়তার এই কার্যক্রমটি অব্যাহত রাখার ঘোষণা দিয়েছেন।

বংশালে মানুষের সেবায় কার্যক্রম অব্যাহত রেখেছে সুজন

করোনাভাইরাসের প্রাদুর্ভাবের পর থেকেই বিভিন্ন ধরনের কার্যক্রম পরিচালনা করছে সুজন-বংশাল থানা কমিটি। প্রথমদিকে বংশাল এলাকার বিভিন্ন প্রাথমিক ও উচ্চ

বিদ্যালয়ের শিশুদের ও সাধারণ মানুষকে সচেতন করার পাশাপাশি লিফলেট, মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ও হ্যান্ড গ্লাভস ইত্যাদি বিতরণ করা হয়েছে। এখন তারা কর্মহীন দরিদ্র মানুষের মধ্যে খাদ্য বিতরণ করছেন। চলমান কর্মসূচির অংশ হিসেবে গত ১০ মে ২০২০-এ ১০০টি পরিবারে পরিবারপ্রতি ৩ কেজি চাল, ১ কেজি ডাল, ১ কেজি আলু, ১ কেজি চিড়া, ১ কেজি পেঁয়াজ, ১ কেজি লবন ও ১ লিটার সয়াবিন তেল বিতরণ করেছেন তাঁরা। সুজন-বংশাল থানা কমিটির সভাপতি ও আজীবন সদস্য ক্যামেলিয়া চৌধুরী ও সাধারণ সম্পাদক ও আজীবন সদস্য মোঃ ইব্রাহীমের নিজস্ব অর্থায়ন ও নেতৃত্বেই এই খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

